



বাংলাদেশ চা বোর্ড
প্রকল্প উন্নয়ন ইউনিট
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে গতি নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি: ড. এ. কে. এম. রফিকুল হক
পরিচালক, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভার তারিখ ও সময়: ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান: পরিচালক, পিডিইউ এর অফিস কক্ষ।

সভাপতি সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও প্রকল্প উন্নয়ন ইউনিটের প্রশাসনিক কর্মকর্তা জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং বাংলাদেশ চা বোর্ডের সাথে চুক্তি অনুযায়ী প্রত্যেক প্রান্তিক ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা করে বাংলাদেশ চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প উন্নয়ন ইউনিটের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করা হয়। তিনি জানান যে, প্রকল্প উন্নয়ন ইউনিটের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রতি কোয়ার্টারে একটি করে মোট ৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয় উল্লেখ রয়েছে। নৈতিকতা কমিটির আহ্বায়ক ও প্রকল্প উন্নয়ন ইউনিটের পরিচালক, ড. এ. কে. এম. রফিকুল হক, কোয়ার্টার ভিত্তিক নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা দেন। কর্মকর্তা কর্মচারীদের প্রতিটি কাজ দক্ষতার সহিত সম্পন্ন করতে এবং প্রতিটি কাজের স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সভাপতি শুদ্ধাচার এর স্বীকৃতিস্বরূপ নির্ধারিত সময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে এবং অফিসে সুন্দর কর্মপরিবেশ নিশ্চিত করতে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ক. জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের সকল কার্যক্রম এর প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- খ. জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের কোয়ার্টার ভিত্তিক কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সকলকে সচেষ্ট হতে হবে।
- গ. জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

- ঘ. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
- ঙ. ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(ড. এ. কে. এম. রফিকুল হক)
পরিচালক

ই-মেইলঃ directorbtbpdu@gmail.com
মোবাইলঃ ০১৭১১-৮৬৭৪৮৪

স্মারক নং-পিডিইউ/এপিএ/এপিএএমএস এন্ড ওয়েব/৯৩০২০২২- ৩৫২

তারিখঃ ২৫-০৯-২০২৩ খ্রি.

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম।
- ২। জনাব মোঃ রেজাউল করিম, উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঞ্জল, মৌলভীবাজার।
- ৩। জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (পূর্ত), বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঞ্জল, মৌলভীবাজার।
- ৪। জনাব মোহাম্মদ মনিরুজ্জামান আকন্দ, সহকারী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঞ্জল, মৌলভীবাজার।
- ৫। জনাব সৈয়দ শাকিল আহমেদ, প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঞ্জল, মৌলভীবাজার।
- ৬। পি এ টু পরিচালক, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঞ্জল, মৌলভীবাজার।
- ৭। অফিস কপি।


পরিচালক ২৫/০৯/২০২৩